

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৬৭

১৫/ विधि-विधान ও विठात (اكتاب الأحكام عن رسول الله الله عن رسول الله عن الله

পরিচ্ছেদঃ দুই ব্যক্তির একজনের ভূমি যদি পানি সিঞ্চনের ক্ষেত্রে নিম্নের দিকে থাকে।

باب مَا جَاءَ فِي الرَّجُلَيْنِ يَكُونُ أَحَدُهُمَا أَسْفَلَ مِنَ الآخَرِ فِي الْمَاءِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةً، حَدَّثَنَا اللَّيْتُ، عَنِ إِبْنِ شِهَابٍ، عَنْ عُرُوهً، أَنَّهُ حَدَّتُهُ أَنَّ عَبْدَ اللَّهِ بِنَ الزُّبَيْرِ عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي شَرَاجِ الْحَرَّةِ الَّتِي يَسْقُونَ بِهَا النَّخْلَ فَقَالَ الأَنْصَارِيُّ سَرِّجِ الْمَاءَ يَمُرُّ . فَأَبَى عَلَيْهِ شِرَاجِ الْحَرَّةِ الَّتِي يَسْقُونَ بِهَا النَّخْلَ فَقَالَ الأَنْصَارِيُّ سَرِّجِ الْمَاءَ يَمُرُ . فَأَبَى عَلَيْهِ فَاخْتَصَمُوا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِلزُّبَيْرِ " اسْقِ يَا زُبِيْرُ ثُمَّ أَرْسِلِ الْمَاءَ إِلَى جَارِكَ " . فَغَضِبَ الأَنْصَارِيُّ فَقَالَ يَا وَسُلم لِلزُّبَيْرِ " اسْقِ يَا زُبِيْرُ ثُمَّ أَرْسِلِ الْمَاءَ إِلَى جَارِكَ " . فَقَالَ الله عليه وسلم ثُمَّ قَالَ " يَا رَسُولُ اللّهِ صَلى الله عليه وسلم ثُمَّ قَالَ " يَا رَسُولُ اللّهِ صَلَى الله عليه وسلم ثُمَّ قَالَ " يَا رَسُولُ اللّهِ اللهِ عليه وسلم ثُمَّ قَالَ " يَا زُبُيْرُ اسْقِ ثُمَّ احْبِسِ الْمَاءَ حَتَّى يَرْجِعَ إِلَى الْجَدْرِ " . فَقَالَ الزُّبَيْرُ وَاللَّهِ إِنِّي لأَحْسِبُ نَرَبُيْرُ السَّقِ ثُمَّ احْبِسِ الْمَاءَ حَتَّى يَرْجِعَ إِلَى الْجَدْرِ " . فَقَالَ الزُّبَيْرُ وَاللَّهِ إِنِّي لأَحْسِبُ نَرَبُونَ مَتَى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ) . قَالَ نَرْلَتْ هَذِهِ الْآيَهِ بْنِ الزُّبَيْرِ عَنِ الزَّبُيْرِ عَنِ الزَّبُيْرِ وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبُيْرِ وَرُواهُ عَبْدُ اللَّهِ بْنِ الزَّبُيْرِ وَيُولُ عَرُولَ الْحَدِيثِ وَيُولُسَ عَنِ الزَّهُرِيِّ عَنْ عَرْوَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبُيْرِ وَيُولُهُ عَنْ عَرْوَةً عَنْ عَرْوَةً عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبُيْرِ وَيُولُ الْحَدِيثِ وَيُولُسَ عَنِ الزَّهُرِيِّ عَنْ الزَّهُرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزَّبُيْرِ وَيُولُ الْحَدِيثَ وَيُولُولَ . .

বাংলা

১৩৬৭. কুতায়বা (রহঃ) আবদুল্লাহ ইবনু যুবায়র রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, জনৈক আনসারী ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে হাররা-এর পানি প্রবাহ নিয়ে যুবায়র রাদিয়াল্লাহু আনহু -এর বিরুদ্ধে অভিযোগ দায়ের করে। এই পানি প্রবাহ থেকেও তারা খর্জুর উদ্যানে পানি সিঞ্চন করত। আনসারী বলত, পানি ছেড়ে দিন যেন তা প্রবাহিত হতে পারে কিন্তু যুবায়র রাদিয়াল্লাহু আনহু তা করতে অস্বীকার করেন। তখন তারা বিবাদ মীমাংসার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গেলে তিনি যুবায়রকে বললেন, যুবায়র, তোমার বাগানে পানি সেচের পর তোমার প্রতিবেশীর জন্য পানি ছেড়ে দবে।



আনসারী এতে রাগান্বিত হয়ে পড়ে। সে বলল, আপনার ফুফাতো ভাই বলেই তো (এমন রায় দিলেন)।

এ শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চেহারা রক্তবর্ণ হয়ে গেল। তিনি বললেন, হে যুবায়র, তোমার বাগানে পানি সেচন করবে। এরপর আইলগুলো ভরাট না হওয়া পর্যন্ত পানি আটকিয়ে রাখবে। যুবায়র (রাঃ) বলেন, আল্লাহর কসম, আমার মনে হয় নিম্নের আয়াতটি এই প্রসঙ্গে নাযিল হয়েছিলঃ

কিন্তু না, তোমার রবের কসম, তারা মু'মিন হবে না, যতক্ষণ পর্যন্ত তারা তাদের নিজেদের বিবাদ বিসম্বাদের বিচার ভার তোমার উপর অপর্ন না করে অতঃপর তোমার সিদ্ধান্ত সম্বন্ধে তাদের মনে কোন দ্বিধা না থাকে এবং সর্বান্তকরণে তা মেনে না নেয়। (৪: ৬৫) - নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৬৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান সহীহ। শুআয়ব ইবনু আবূ হামযা এটিকে যুহরী - উরওয়া ইবনু যুবায়র -যুবায়র রাদিয়াল্লাহু আনহু সূত্রেও বর্ণনা করেছেন। এতে আবদুল্লাহ ইবনু যুবায়রের উল্লেখ নেই। আবদুল্লাহ ইবনু ওয়াহব এটি লাযছ ও ইউনুস - যুহরী - উরওয়া - আবদুল্লাহ ইবনু যুবায়র রাদিয়াল্লাহু আনহু সূত্রে প্রথমোক্ত হদীসটি অনুরূপ রিওয়ায়াত করেছেন।

English

Narrated 'Abdullah bin Az-Zubair:

"A man from the Ansar disputed with Az-Zubair before the Messenger of Allah (**) about the canals of Harrah which they used to irrigate the date palms. The Ansari said: 'Let the water pass'. But he refused, So they brought their dispute to the Messenger of Allah (**). The Messenger of Allah (**) said to Az-Zubair: 'O Zubair! Irrigate (your land) then let the water pass to you neighbor.' The Ansari became angry and said:'[O Messenger of Allah!] Is this because he is your aunt's son?' The face of the Messenger of Allah (**) changed color. Then he said: 'O Zubair! Irrigate (your land) and then withhold the water until it reaches the walls.' Az-Zubair said: 'By Allah! I think that this Ayah was revealed about that: But no, by your Lord, they can have no Faith until they make you (O Muhammad) judge in all disputes between them, and find in themselves no resistance against your decisions and accept (them) with full submission.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন